ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৫০৬
খোয়াই, ২ মে, ২০২৫

**খোয়াই জিলা পরিষদের বার্ষিক সাধারন সভা অনুষ্ঠিত**

জিলা পরিষদের কনফারেন্স হলে জিলা সভাধিপতি অপর্ণা সিংহরায় (দত্ত)-র সভাপতিত্বে আজ খোয়াই জিলা পরিষদের বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ছিলেন সহকারি সভাধিপতি সত্যেন্দ্র চন্দ্র দাস, জিলা পরিষদের সদস্য সদস্যা সহ খোয়াই পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান উত্তম অধিকারী, কল্যাণপুর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সোমেন গোপ, তেলিয়ামুড়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান দীপা দেব, জিলা পরিষদের সদস্যসচিব রূপাঞ্জন দাস ও পঞ্চায়েত সম্প্রসারণ আধিকারিক নিতাই নমঃ প্রমুখ।

সভায় জিলা সভাধিপতি বক্তব্য রাখতে গিয়ে বলেন, আত্মনির্ভর ত্রিপুরা ও আত্মনির্ভর জেলা গড়তে ত্রিস্তর পঞ্চায়েতের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। মানুষের কল্যাণে পানীয়জল, বিদ্যুৎ, স্বাস্থ্য, স্বচ্ছ ভারত মিশন, গ্রামীণ জীবিকা মিশন, স্ট্রিট লাইট, মার্কেট স্টল, যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে গুরুত্ব দিয়ে কাজ করছে সরকার। উন্নয়নের ধারা অব্যাহত রাখতে ও সততা ও নিষ্ঠার সাথে বিভিন্ন প্রকল্পের কাজ বাস্তবায়ণ করতে সকলকে সহযোগিতার হাত বাড়িয়ে দিতে তিনি সকলের প্রতি আহ্বান জানান।

সভায় জিলা পরিষদের পঞ্চায়েত সম্প্রসারণ আধিকারিক জানান, জিলা পরিষদের অন্তর্গত খোয়াই ব্লক, কল্যাণপুর ও তেলিয়ামুড়া ব্লকে মোট গ্রামপঞ্চায়েত রয়েছে ৫৫টি ও জিলা পরিষদের অন্তর্গত পরিবার রয়েছে ৫৬ হাজার ৬৯৬টি। জেলায় ৩টি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র, ৯৬টি উপ স্বাস্থ্যকেন্দ্র, ১টি জেলা হাসপাতাল, ১টি মহকুমা হাসপাতাল, ৩টি সামাজিক স্বাস্থ্যকেন্দ্র রয়েছে।

জেলায় আইসিডিএস প্রোজেক্ট রয়েছে ৪টি ও প্রাকপ্রাথমিক শিক্ষাকেন্দ্র রয়েছে ১০৭৭টি, হাইস্কুল ৬৩টি, দ্বাদশ শ্রেণি বিদ্যালয় রয়েছে ৩৭টি, ডিগ্রি কলেজ ২টি, আইটিআই রয়েছে ২টি, মাদ্রাসা ৯টি, এসবি স্কুল ১১০টি, প্রাইমারি স্কুল ৮২টি ও নার্সারি বিদ্যালয় রয়েছে ১৫টি। সভায় পঞ্চায়েত সম্প্রসারণ আধিকারিক জানান, খোয়াই, তেলিয়ামুড়া ও কল্যাণপুর ব্লকের বিভিন্ন স্থানে উন্নয়নমূলক কজের জন্য ২০২৪-২৫ অর্থবর্ষে পঞ্চায়েত উন্নয়ন তহবিলে ১৭ লক্ষ ৪ হাজার ৫৫ টাকা প্রদান করা হয়েছে এবং পঞ্চদশ অর্থ কমিশনের টাইড ফান্ডে ২৬ লক্ষ ৯১ হাজার ৫৮ টাকা প্রদান করা হয়েছে এবং পঞ্চদশ অর্থ কমিশনের আনটাইড ফান্ডে ১৯ লক্ষ ৮৭ হাজার ৬১৩ টাকা প্রদান করা হয়েছে। চলতি অর্থবর্ষে খোয়াই, কল্যাণপুর ও তেলিয়ামুড়া ব্লক এলাকায় পাকা ড্রেইন নির্মাণ, সোলার স্ট্রিট লাইট, বিভিন্ন বিদ্যালয়ে ডাইনিং হল নির্মাণ, স্বচ্ছভারত মিশনে শৌচালয় নির্মাণ, পাইপ লাইনে জলের সংযোগ, বিবেকানন্দ নগর পঞ্চায়েতের বাউন্ডারি ওয়াল নির্মাণ, কল্যাণপুর ব্লকে সোলার প্যানেল তৈরী, ইট সলিং রোড তৈরী, বিভিন্ন অঙ্গনওয়াড়ি কেন্দ্রে ওয়াটার স্টোরেজ ট্যাংক তৈরী করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

******